সংবাদ

2 JAN 2017
২২ ৬

# রাজাপুরে অর্ধশতাধিতক প্রা. স্কুলে প্রধান শিক্ষক নেই!

প্রতিনিধি, ঝালকাঠি

ঝালকাঠির রাজাপুরে উপজেলায় দীর্ঘদিন ধরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় অর্ধেক প্রতিষ্ঠানেই প্রধান শিক্ষক নেই। এসব বিদ্যালয়গুলো ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে কোন চলছে রকম ঢিমেতালে। এতে শিক্ষা কার্যক্রম ও প্রশাসনিক কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, উপজেলা ১২২টি প্রাথমিক স্কুল রয়েছে, এর মধ্যে মোট ৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক না থাকায় মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে শিক্ষার পরিবেশ। অভিযোগ রয়েছে, প্রধান শিক্ষক না থাকায় ওইসব স্কুলের প্রশাসনিক কার্যক্রম ভেঙে পড়েছে এবং সহকারী শিক্ষকরাও সঠিকভাবে ক্লাস না করিয়ে নামকাওয়াস্তে কার্যক্রম করে যাচ্ছে। এ সুযোগে ওই সব প্রতিষ্ঠানের সহকারী শিক্ষকরা সেচ্ছাচারিতা ও ইচ্ছে মতো পাঠদানসহ স্কুলের কার্যক্রম পরিচালনা করছেন। এমনকি রাজনৈতিক ও স্থানীয় প্রভাব খাটিয়ে ওই সব বিদ্যালয়ের কিছু সংখ্যক দপ্তরি ও সহকারী শিক্ষক কোমলমতি শিশু শিক্ষার্থীদের মারধর করেছে বলেও অভিযোগ পাওয়া গেছে। এসব স্কুলে সঠিক সময়ে ক্লাস শুরু হয় না এবং সময়ের পূর্বেই স্কুল ছুটি দিয়ে দেয়া হয়। ওই সব বিদ্যালয়ের অভিভাবকরা নতুন বছরের লেখাপড়ার শুরুতেই দ্রুত প্রধান শিক্ষক নিয়োগের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ করেছেন। এ বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. রফিকুল ইসলাম জানান, প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়ের প্রশাসনিক ও শিক্ষা কার্যক্রম মারত্মকভাবে ব্যাহত হচ্ছে। প্রধান শিক্ষক না থাকায় সহকারী শিক্ষকরা সঠিক সময়ে স্কুলে যেতে চান না এবং সঠিকভাবে পাঠদান করান না। উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে, শিক্ষকদের পদোন্নতি দেয়া হলে এবং নতুন শিক্ষক নিয়োগ হলে এ সমস্যা সমাধান হবে বলেও জানান রফিকুল ইসলাম।